

115804 - জনৈক ব্যবসায়ী জিজ্ঞেস করছেন: তার জন্য কোন পণ্যের ট্রেডমার্ক তুলে ফেলা কিংবা পরিবর্তন করা কি জায়েয হবে?

প্রশ্ন

আমি বেশ কিছু কুলিং ডিভাইস তথা এয়ার কন্ডিশনার ক্রয় করেছি। কুলিং ডিভাইসগুলোর উপর প্রস্তুতকারী কোম্পানীর নাম লেখা আছে। এই কোম্পানীটি অন্য এক দেশের। কুলিং ডিভাইসগুলো থেকে এই কোম্পানীটির নাম তুলে ফেলা এবং অন্য একটি নাম সেখানে বসানো কি জায়েয হবে; যাতে করে এই ডিভাইসের উৎস কোথেকে সেটা জানা না যায়? কেননা এটি হাই কোয়ালিটিসম্পন্ন। আমি চাই, এই পণ্যের ক্ষেত্রে অন্য কোন ব্যবসায়ী আমার সাথে প্রতিযোগিতা না করুক। কারণ এই পণ্যটি পাওয়ার জন্য আমি প্রচুর পরিশ্রম করেছি। কিংবা আমি এর উপর কোন নামই রাখব না। এটা কি জায়েয হবে?

প্রিয় উত্তর

আমাদের কাছে প্রস্তুতকারী কোম্পানীর নাম তুলে ফেলায় কোন আপত্তি প্রতীয়মান হয় না; যদি এতে প্রস্তুতকারী কোম্পানি কিংবা ক্রেতার জন্য কোন প্রকার ধোঁকাবাজি বা জালিয়াতি না থাকে।

আমদানীকারকেরা প্রস্তুতকারী কোম্পানির পক্ষে যে প্রচারণা চালিয়ে থাকে ও তাদের পণ্যের বাজারজাত করে থাকে এর বিনিময়ে কোম্পানি তাদেরকে মূল্যছাড় দিয়ে থাকে। তাই কোম্পানির নাম তুলে ফেললে এটি তাদেরকে ধোঁকা দেয়া হয়। কেননা এতে করে তারা তাদের উদ্দেশ্য হাছিল হয়নি। এর মাধ্যমে আপনি সেই কোম্পানির সাথে যে চুক্তি করেছিলেন সেটা ভঙ্গ করলেন।

আবার কখনও কখনও কোম্পানির নাম পণ্যটি খারাপ হওয়ার প্রমাণ বহন করে। তখন নামটি তুলে ফেললে সেটি ক্রেতাকে ধোঁকা দেয়া হয়। কেননা ক্রেতা যদি জানতে পারে যে, পণ্যটি অমুক কোম্পানির তাহলে সে আদৌ পণ্যটি খরিদ করবে না কিংবা নির্দিষ্ট কোন মূল্যে খরিদ করবে না।

তাই নাম মুছে ফেলায় যদি ক্রেতার জন্য ধোঁকা না থাকে কিংবা এমন কোন ধাঁধায় ফেলা না থাকে যে, পণ্যটি এর চেয়ে ভাল কোন কোম্পানিতে তৈরী হয়েছে; তাহলে ইনশাআল্লাহ্ এতে কোন অসুবিধা নাই।

তবে উত্তম হচ্ছে সম্ভব হলে প্রস্তুতকারী কোম্পানির সাথে চুক্তিভিত্তিক এটি সম্পাদিত হওয়া।

আল্লাহই সর্বজ্ঞ।